রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ-১

ফোন	:	০২৪৭-৮৬০৫১৫
ই-মেইল	:	dgmlad1@rakub.org.bd
ওয়েব সাইট	:	www.rakub.org.bd

"মুজিববর্ষের প্রতিশ্রুতি
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অগ্রগতি"

ঋওঅবি-১ সার্কুলার নং-০৩/২০২০ তারিখ: ১৪.০৫.২০২০

বিষয়: নভেল করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারণে কৃষি খাতে চলতি মূলধন সরবরাহের উদ্দেশ্যে ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় ঋণ কার্যক্রম পরিচালনার নীতিমালা।

সম্প্রতি নভেল করোনা ভাইরাস-এর প্রাদুর্ভাবের কারণে বিশ্বের বিভিন্ন দেশের ন্যায় বাংলাদেশের সাধারণ মানুষের দৈনন্দিন জীবন-যাপনসহ অর্থনৈতিক কর্মকাণ্ড সীমিত হয়ে পড়েছে। করোনা ভাইরাস এর প্রাদুর্ভাব দীর্ঘায়িত হলে ভবিষ্যতে খাদ্য উৎপাদন হ্রাসসহ বিভিন্ন বিরূপ পরিস্থিতি সৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। উল্লেখ্য, বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণীত কৃষি ও পল্লী ঋণ নীতিমালা অনুযায়ী ২০১৯-২০২০ অর্থবছরে এ ব্যাংকের মোট ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ২৩০০.০০ কোটি টাকার মধ্যে শস্য ও ফসল খাতে ৯০০.০০ কোটি টাকা ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। সে হিসেবে চলতি ২০১৯-২০২০ অর্থবছরে শস্য ও ফসল খাতের জন্যে নির্ধারিত লক্ষ্যমাত্রা ৯০০.০০ কোটি টাকা ঋণ বিতরণ করা সম্ভব হবে। শস্য ও ফসল খাতে চলমান ঋণপ্রবাহ পর্যাপ্ত থাকার দরুন এ খাত অপেক্ষা কৃষির চলতি মুলধন ভিত্তিক খাতসমূহে অধিকতর ক্ষতির সম্ভাবনা রয়েছে বিধায় এ খাতসমূহে ঋণ প্রবাহ নিশ্চিত করা আবশ্যক। তৎপ্রেক্ষিতে, চলতি মূলধন ভিত্তিক কৃষির অন্যান্য খাতে (হর্টিকালচার অর্থাৎ মৌসুম ভিত্তিক ফুল ও ফল চাষ, মৎস্য চাষ, পোল্ট্রি, ডেইরি ও প্রাণিসম্পদ খাত) পর্যাপ্ত অর্থ সরবরাহ নিশ্চিত করা সম্ভব হলে দেশের সার্বিক কৃষিখাত ক্ষতি কাটিয়ে উঠতে সক্ষম হবে। এতদপ্রেক্ষিতে উল্লিখিত খাতসমূহের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক ৫,০০০.০০ (পাঁচ হাজার) কোটি টাকার একটি পুনঃঅর্থায়ন স্কীম গঠন ও স্কীমের আওতায় ঋণ কার্যক্রম পরিচালনার নীতিমালা ১৩.০৪.২০২০ তারিখের এসিডি সার্কুলার নং-১ এর মাধ্যমে জারী করা হয় (সংযোজনী-১)। উল্লিখিত পুনঃঅর্থায়ন স্কীমের নীতিমালার আওতায় রাকাব-এ ঋণ কার্যক্রম পরিচালনার জন্য বাংলাদেশ ব্যাংকের আলোচ্য সার্কুলারের আলোকে নিম্নরূপ নীতিমালা অনুসরণ করতে হবেঃ

১. স্কীমের নামঃ

কৃষি খাতে বিশেষ প্রণোদনামূলক পুনঃঅর্থায়ন স্কীম।

২. ঋণ বিতরণের খাতঃ

(ক) শস্য ও ফসল খাত ব্যতীত কৃষির অন্যান্য চলতি মূলধন নির্ভরশীল খাতসমূহ যথাঃ হর্টিকালচার অর্থাৎ মৌসুম ভিত্তিক ফুল ও ফল চাষ, মৎস্য চাষ, পোল্ট্রি, ডেইরি ও প্রাণিসম্পদ খাত; এবং

(খ) যে সকল উদ্যোক্তা প্রতিষ্ঠান কৃষক কর্তৃক উৎপাদিত কৃষিপণ্য ক্রয়পূর্বক সরাসরি বিক্রয় করে থাকেন তারাও এ স্কীমের আওতায় ঋণ প্রাপ্তির জন্য যোগ্য মর্মে বিবেচিত হবেন।

৩. ঋণ প্রাপ্তির যোগ্যতাঃ

(ক) ব্যাংকের বর্তমান গ্রাহকদের মধ্য হতে ক্ষতিগ্রস্ত গ্রাহকগণ বিদ্যমান ঋণ সুবিধার অতিরিক্ত ২০ শতাংশ পর্যন্ত এ স্কীমের আওতায় ঋণ সুবিধা গ্রহণ করতে পারবেন;

(খ) আলোচ্য খাতের যে সকল ব্যক্তি/উদ্যোক্তা (যাদের নামে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে বর্তমানে কোন ঋণ নাই, তবে নিজস্ব পুঁজি দিয়ে ব্যবসা পরিচালনা করছেন) বর্তমানে করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্ত হওয়ায় প্রাতিষ্ঠানিক ঋণ/বিনিয়োগের সুবিধা গ্রহণে আগ্রহী তাদের অনুকূলে আলোচ্য প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণ করা যাবে।

চলমান পাতা-০২

৪. ঋণের সর্বোচ্চ সীমা ঃ

(ক) কোনো একক খাতে শাখার অনুকূলে বরাদ্দকৃত ঋণের ৩০% এর অধিক ঋণ বিতরণ করা যাবে না;

(খ) যে সকল উদ্যোক্তা প্রতিষ্ঠান কৃষক কর্তৃক উৎপাদিত কৃষিপণ্য ক্রয়পূর্বক সরাসরি বিক্রয় করে থাকেন তাদের অনুকূলে এ স্কীমের আওতায় ঋণ বিতরণের ক্ষেত্রে এককভাবে (উদ্যোক্তা/প্রতিষ্ঠানকে) ৫.০০ (পাঁচ) কোটি টাকার উর্ধ্বে ঋণ বিতরণ করা যাবে না;

(গ) নতুন গ্রাহকগণের ঋণের সর্বোচ্চ পরিমাণ সংশ্লিষ্ট ব্যাংক প্রয়োজনীয় যাচাই-বাছাই এর ভিত্তিতে নির্ধারণপূর্বক এ স্কীমের আওতায় বিতরণ করতে পারবে।

৫.ঋণ প্রস্তাব মুল্যায়নঃ

(ক) ঋণ বিতরণের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের বিদ্যমান কৃষি ও পল্লী ঋণ নীতিমালায় বর্ণিত বিধিবিধানসমূহ অনুসরণপূর্বক ব্যাংকার-গ্রাহক সম্পর্কের আলোকে কেস-টু-কেস ভিত্তিতে বিবেচনা করতে হবে;

(খ) আলোচ্য স্কীমের আওতায় ঋণ প্রস্তাব মূল্যায়নের ক্ষেত্রে ব্যাংকের প্রচলিত চলতি পুঁজি ঋণ/চলতি মুলধন ঋণের জন্য প্রযোজ্য 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল'-এ বর্ণিত বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(গ) ঋণ আবেদনকারীর নিকট থেকে পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ঋণ প্রস্তাব মূল্যায়ন, মঞ্জুর ও বিতরণ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

৬. ঋণ মঞ্জুরিঃ

(ক) 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল'-এর ০৫ নম্বর অধ্যায়ে বর্ণিত নির্দেশনাবলি যথাযথভাবে অনুসরণ পূর্বক সংশ্লিষ্ট ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ ঋণ মঞ্জুর করবেন;

(খ) স্কীমের আওতায় কোন ঋণগ্রহিতাকে একাধিকবারে (পূর্বের ঋণ সুবিধা চলমান থাকলে) ঋণ প্রদান করার ক্ষেত্রে 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল'-এর ০৫ নম্বর অধ্যায়ের ৫.২(৪) নম্বর শর্ত আবশ্যিকভাবে পরিপালন করতে হবে।

৭. ঋণের জামানতঃ

এ স্কীমের আওতায় নির্বাচিত গ্রাহকদের অনুকূলে ঋণ বিতরণের ক্ষেত্রে ব্যাংকের প্রচলিত নীতিমালা অনুসারে সম্পূর্ণ ঋণাঙ্ক কভার করে সহায়ক জামানত গ্রহণ করতে হবে। জামানতি সম্পত্তি মূল্যায়নের ক্ষেত্রে 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল'-এর ১১ নম্বর অধ্যায়ের শর্তাবলি যথাযথভাবে পরিপালন করতে হবে।

৮. ঋণের মেয়াদঃ

এ স্কীমের আওতায় বিতরণকৃত ঋণের সর্বোচ্চ মেয়াদ হবে ঋণ বিতরণের তারিখ হতে ১৮ মাস (৬ মাস গ্রেস পিরিয়ডসহ)।

৯. সুদের হারঃ

(ক) এ স্কীমের আওতায় বিতরণকৃত ঋণের সুদের হার হবে সর্বোচ্চ ৪%। উল্লিখিত সুদ হার চলমান গ্রাহক এবং নতুন গ্রাহক উভয় ক্ষেত্রেই প্রযোজ্য হবে;

(খ) এ স্কীমের আওতায় প্রদত্ত ঋণের অর্থ নির্ধারিত সময়ে আদায়/নবায়ন না হলে মেয়াদোত্তীর্ণ বকেয়ার উপর ব্যাংকের স্বাভাবিক সুদ হার প্রযোজ্য হবে।

১০. ঋণের ফি, স্ট্যাম্প ডিউটি ও দলিলায়নঃ

আলোচ্য স্কীমের আওতায় ঋণ বিতরণের ক্ষেত্রে 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল'-এর ০৭ নম্বর অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ ও পরিপালন করতে হবে।

১১. ঋণের ডকুমেন্টেশনঃ

আলোচ্য স্কীমের আওতায় ঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল'-এর ১২ নম্বর অধ্যায়ের ১২.১৫ অনুচ্ছেদের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও পরিপালন করতে হবে।

চলমান পাতা-০৩

১২. ঋণ বিতরণঃ মঞ্জুরীকৃত ঋণের অর্থ ঋণগ্রহিতা/উদ্যোক্তার সিসি একাউন্টের মাধ্যমে বিতরণ করতে হবে।

১৩. হিসাব সংরক্ষণঃ

(ক) এ স্কীমের আওতায় নিম্নবর্ণিত হেড-এর মাধ্যমে ঋণ হিসাব পরিচালনা করতে হবে;

GL Account No		Account Type/Product Code		Income Head	
IBS	CBS	IBS	CBS	IBS	CBS
1014/1	9020401001005	50	507	46/1	9030101001095

(খ) সিবিএস/আইবিএস ছাড়াও এতদসংক্রান্ত একটি পৃথক রেজিষ্টার শাখায় সংরক্ষণ করতে হবে;

(গ) এ স্কীমের আওতায় প্রতিটি ঋণের হিসাব পৃথকভাবে সংরক্ষণ করতে হবে।

১৪. ঋণ আদায় পদ্ধতিঃ

গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণ বিতরণের তারিখ হতে ১৮ মাসের (৬ মাস গ্রেস পিরিয়ডসহ) মধ্যে আদায় করতে হবে।

১৫. পুনঃঅর্থায়ন দাবীঃ

(ক) বাংলাদেশ ব্যাংকের ১৩.০৪.২০২০ তারিখের এসিডি সার্কুলার নং-১/২০২০ মোতাবেক এ স্কীমের আওতায় মাসিক ভিত্তিতে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণের লক্ষ্যে শাখা কর্তৃক বিতরণকৃত ঋণের তথ্য নির্ধারিত ছকে (সংযোজনী-২) প্রয়োজনীয় প্রমানকসহ পরবর্তী মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে জোনাল কার্যালয়ে প্রেরণ করতে হবে। জোনাল কার্যালয় শাখা থেকে প্রাপ্ত বিবরণী সংকলন পূর্বক ১০ (দশ) তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ-১ এ প্রেরণ করতে হবে।

(খ) পুনঃঅর্থায়ন দাবীর বিবরণীর সাথে ব্যবস্থাপক কর্তৃক সত্যায়িত নিম্নোক্ত প্রমাণকসমূহ সংযুক্ত করতে হবে:

(১) মঞ্জুরিপত্রের কপি;

(২) ডিমান্ড প্রমিসরি নোট (ডিপি নোট);

(৩) লেটার অব কন্টিনিউটি;

(৪) বিতরণকৃত ঋণের সমন্বিত বিবরণী (সংযোজনী-২);

(৫) সংশ্লিষ্ট অন্যান্য তথ্য।

১৬. পরিদর্শন ও তদারকীঃ

(ক) ঋণের যথার্থতা ও সদ্ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে শাখা ব্যবস্থাপক ফলপ্রসু তদারকীর যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

(খ) জোনাল ব্যবস্থাপকগণ শাখা পরিদর্শনকালে এ স্কীমের আওতায় ঋণের যথার্থতা ও সদ্ব্যবহার যাচাই করবেন;

(গ) বিভাগীয় মহাব্যবস্থাপকগণ এ স্কীমের আওতায় ঋণের যথার্থতা ও সদ্ব্যবহারে বিষয়ে সজাগ থাকবেন। এ লক্ষ্যে মহাব্যবস্থাপকগণ Random Sample Basis এ ঋণের সদ্ব্যবহার যাচাই করবেন;

(ঘ) প্রধান কার্যালয়ের এতদসংক্রান্ত মনিটরিং টিম ও সংশ্লিষ্ট বিভাগ (ঋণ ও অগ্রিম বিভাগ-১) কর্তৃক সময়ে সময়ে ঋণ কার্যক্রম পরিদর্শসহ ঋণের সদ্ব্যবহার যাচাইয়ের বিষয়ে যথার্থতা করা হবে।

১৭. বিশেষ নির্দেশাবলিঃ

(ক) এ স্কীমের আওতায় গৃহীত ঋণ কোনভাবেই গ্রাহকের পুরাতন ঋণ সমন্বয়ের জন্য ব্যবহার করা যাবে না;

(খ) বাংলাদেশ ব্যাংকের নিকট হতে তহবিলের প্রাপ্যতা সীমা বিবেচনা সাপেক্ষে সংশ্লিষ্ট শাখার জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুসারে ঋণ বিতরণ করতে হবে;

(গ) ঋণ বিতরণের ক্ষেত্রে ব্যাংকের 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল' বর্ণিত শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(ঘ) আলোচ্য পুনঃঅর্থায়নের ক্ষেত্রে সময়ে সময়ে বাংলাদেশ ব্যাংকের চাহিদার প্রেক্ষিতে শাখা প্রয়োজনীয় তথ্য, কাগজপত্র এবং দলিলাদির কপি জোনাল কার্যালয়ের মাধ্যমে প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ-১ এ সরবরাহ করবে;

(ঙ) পুনঃঅর্থায়ন সংক্রান্ত উল্লিখিত নীতিমালার শর্তাদির বিষয়ে সময়ে সময়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় সংযোজন, বিয়োজন ও পরিমার্জন করলে তা অনুসরণ করতে হবে।

চলমান পাতা-০৪

ঋওঅবি-১ সার্কুলার নং-০৩/২০২০ তারিখ: ১৪.০৫.২০২০

(চ) গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণ আদায়ের সকল দায়-দায়িত্ব ঋণ বিতরণকারী ব্যাংকের উপর ন্যস্ত থাকবে। গ্রাহক পর্যায়ে ঋণ আদায়ের সাথে বাংলাদেশ ব্যাংকের পাওনাকে সম্পর্কিত করা যাবে না। এতদপ্রেক্ষিতে গ্রাহক নির্বাচনের ক্ষেত্রে সকল পর্যায়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সতর্কতা অবলম্বন করতে হবে এবং ঋণের অর্থ যথাসময়ে আদায় নিশ্চিত করতে হবে।

(ছ) এ স্কীমের আওতায় প্রদত্ত ঋণের অর্থ বা এর কোন অংশের সদ্ব্যবহার হয়নি মর্মে বাংলাদেশ ব্যাংকের নিকট প্রতীয়মান হলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সে পরিমাণ অর্থের উপর নির্ধারিত হারের অতিরিক্ত ২% হারে সুদসহ এককালীন আদায় করা হবে। তৎপ্রেক্ষিতে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে হবে। অন্যথায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক আরোপিত অতিরিক্ত সুদের দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শাখা ও জোনাল ব্যবস্থাপকের উপর বর্তাবে।

১৮. জোনাল ব্যবস্থাপকগণ প্রধান কার্যালয় হতে এ স্কীমের আওতায় জোন ভিত্তিক বিতরণ লক্ষ্যমাত্রা প্রাপ্তির পর জরুরীভিত্তিতে আওতাধীন সকল শাখায় লক্ষ্যমাত্রা বন্টন পূর্বক প্রধান কার্যালয়ে (ঋণ ও অগ্রিম বিভাগ-১) এ কপি প্রেরণ করবেন।

১৯. জোনসমূহ থেকে পুনঃঅর্থায়ন সংক্রান্ত বিবরণী যথাসময়ে না পাওয়ার কারণে বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন প্রাপ্তির ক্ষেত্রে কোন বিরূপ পরিস্থিতির সৃষ্টি হলে এতদসংক্রান্ত দায় সংশ্লিষ্ট জোনাল ব্যবস্থাপকদের উপর বর্তাবে।

২০. শাখা ও জোনসমূহ এ স্কীমের আওতায় প্রধান কার্যালয়ের পূর্বানুমোদন ছাড়া নির্ধারিত লক্ষমাত্রার অতিরিক্ত ঋণ বিতরণ করতে পারবে না।

২১. এতদবিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

ইহা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

১৪.০৫.২০২০
(শওকত শহীদুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

প্রকা/ঋওঅবি-১/৩৬৩/২০১৯-২০২০/১২১১(৪৫৪) তারিখ: ১৪.০৫.২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, সচিব, বিভাগীয়/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
০৯। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
১১। সহকারী মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১২। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৩। অফিস নথি/মহানথি।

১৪.০৫.২০২০
(মোঃ ছলিম উদ্দীন)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা